

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-১
www.udd.gov.bd

স্মারক নম্বর:

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৫

২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৬০

০৯ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: “শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ” প্রকল্পের
বিপরীতে ৩৩/১১ কেভি নতুন ০২ (দুই) টি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য
প্রতিটি উপকেন্দ্রের ০.৪০ একর (৪০ শতাংশ) ভূমি অধিগ্রহণের অনাপত্তি পত্র।

সূত্র: ২৭.১২.২৬৩৭.১৮৫.০৫.০০৬.১৭.১৬৭ তারিখ: ১৩/১২/২০১৭ খ্রি:

সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক “শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ” প্রকল্পের বিপরীতে ৩৩/১১ কেভি নতুন ০২ (দুই) টি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য প্রতিটি উপকেন্দ্রের ০.৪০ একর (৪০ শতাংশ) ভূমি অধিগ্রহণের অনাপত্তি পত্র প্রদানের আবেদন করা হয়। নগর উন্নয়ন অধিদপ্তরের সার্ভে টিম প্রস্তাবিত জায়গাটি সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদন মোতাবেক মাঝিনা মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমির দক্ষিণে ১২' প্রশস্ত রাস্তা পাকা সড়ক, পশ্চিমে কাঞ্চন-ডেমরা পাকা সড়ক অবস্থিত এবং উক্ত জায়গার মধ্যে মসজিদ, গির্জা, কবরস্থান, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি নাই। গোলাকান্দাইল মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমির উত্তরে ২৫' প্রশস্ত রাস্তা পাকা সড়ক, পশ্চিমে ঢাকা-সিলেট মহাসড়ক অবস্থিত এবং উক্ত জায়গার মধ্যে মসজিদ, গির্জা, কবরস্থান, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি নাই। মাঝিনা মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমির দক্ষিণ-পশ্চিম অংশ অপেক্ষাকৃত নীচু হওয়ায় ড্রেনেজ ব্যবস্থা থাকা উচিত এবং গোলাকান্দাইল মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমির অবকাঠামোগত উন্নয়নের জন্য রাস্তা প্রয়োজন। রাজউক ড্র্যাপ তথ্য অনুসারে মাঝিনা মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমিটি Flood Flow Zone এর Permitted Use এবং গোলাকান্দাইল মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমিটি Agriculture Zone এর Permitted Use এর অন্তর্গত। প্রস্তাবিত জমিতে সরকারি প্রয়োজনে ও জনস্বার্থে ভূমি অধিগ্রহণের ব্যাপারে রাজউক কর্তৃক অনাপত্তি পত্র দেওয়া হয়েছে (রাজউকের অনাপত্তিপত্র সংযুক্ত)।

২। প্রস্তাবিত জমির দাগসমূহ


জেলা : নারায়নগঞ্জ, উপজেলা : রূপগঞ্জ

মৌজা	জে এল নং	খতিয়ান নং	আর এস দাগ নং	মোট জমির পরিমাণ
মাঝিনা	১২৬	আর এস খতিয়ান নং-৬০৬	১২৪৩	০.৪০ একর
গোলাকান্দাইল	২০৮	আর এস খতিয়ান নং-২৫৭	২২৬৯, ২২৭০	০.৪০ একর

৩। এমতাবস্থায়, জনস্বার্থে মাঝিনা মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমির ড্রেনেজ ব্যবস্থা থাকা এবং গোলাকান্দাইল মৌজার অন্তর্গত প্রস্তাবিত জমির অবকাঠামোগত উন্নয়নের জন্য রাস্তা থাকার শর্তে “শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ” প্রকল্পের বিপরীতে ৩৩/১১ কেভি নতুন ০২ (দুই) টি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য প্রতিটি উপকেন্দ্রের ০.৪০ একর (৪০ শতাংশ) ভূমি অধিগ্রহণের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো।

সংযুক্তি:

- ১। আর এস মৌজা ম্যাপের কপি।
- ২। রাজউকের ছাড়পত্র
- ৩। মাঝিনা মৌজার অন্তর্গত প্রস্তবিত জমির প্রতিবেদন
- ৪। গোলাকান্দাইল মৌজার অন্তর্গত প্রস্তবিত জমির প্রতিবেদন
- ৫। ড্যাপ রিপোর্ট



৯-৯-২০১৮

শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান
সিনিয়র প্ল্যানার

চেয়ারম্যান

চেয়ারম্যান এর দপ্তর

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড


স্মারক নম্বর:

২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০২.১৭.১৬০/১(৮)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সদস্য, সদস্য (পরিকল্পনা)-এর দপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
- ৩) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
- ৭) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর (হার্ড কপি প্রেরনের অনুরোধসহ)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৫
০৯ সেপ্টেম্বর ২০১৮



৯-৯-২০১৮

ফারহানা নাজনীন
প্ল্যানার